

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সখিপুর, টাঙ্গাইল।  
www.sakhipur.tangail.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৯৩৮৫.০০০.০৯.০৪৪.১৯-১৬২

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৭ বাংলা  
১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সখিপুর উপজেলাধীন ৮টি ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ ১৪২৮ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ইজারাদার/ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতি সেট হাট-বাজারের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, টাঙ্গাইল এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, সহকারী কমিশনার (ভূমি), সখিপুর এর কার্যালয়, সখিপুর থানা, সোনালী ব্যাংক লিঃ সখিপুর শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে এবং দরপত্র সমূহ জেলা প্রশাসক, টাঙ্গাইল এর স্থানীয় সরকার শাখায়, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), সখিপুর এর কার্যালয় এ রক্ষিত দরপত্র বাক্সে তফসীলে বর্ণিত নির্ধারিত তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে বেলা ০১:০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐদিন বেলা ৩:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

তফসিল ( ১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারার ক্যালেন্ডার )

ক্রঃ নং	হাটের নাম	ইউনিয়নের নাম	১৪২৮ সনের সরকারি সম্ভাব্য মূল্য	সিডিউলের মূল্য	পর্যায়ক্রমে সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	পর্যায়ক্রমে দরপত্র দাখিলের তারিখ	
০১	পলাশতলী হাট	কাকড়াঙ্গান	১৩,৭৬২/-	৫০০/-	১ম বার-০৩/০৩/২০২১	১ম বার-০৪/০৩/২০২১	
০২	ইন্দারজান হাট		১,৬২,৪০৩/-	১,০০০/-	২য় বার-২৪/০৩/২০২১	২য় বার-২৫/০৩/২০২১	
০৩	গড়বাড়ী হাট		১,২১,০৩৪/-	১,০০০/-	৩য় বার-১৮/০৪/২০২১	৩য় বার-১৯/০৪/২০২১	
০৪	মহানন্দপুর হাট		৭৭,২৩৯/-	৫০০/-	৪র্থ বার-২৮/০৪/২০২১	৪র্থ বার-২৯/০৪/২০২১	
০৫	ভূয়াইদ খুংগারচালা হাট		৭১৮/-	৫০০/-	৫ম বার-১৬/০৫/২০২১	৫ম বার-১৭/০৫/২০২১	
০৬	বহেড়াইতৈল হাট	বহেড়াইতৈল	২,৮২,৬৬৭/-	১,২০০/-	৬ষ্ঠ বার-৩০/০৫/২০২১	৬ষ্ঠ বার-৩১/০৫/২০২১	
০৭	ডাবাইল হাট		৫০০/-	৫০০/-	৭ম বার-১৫/০৬/২০২১	৭ম বার-১৬/০৬/২০২১	
০৮	কীর্তনখোলা হাট	গজারিয়া	৮০,৮০৭/-	৫০০/-	৮ম বার-০৭/০৭/২০২১	৮ম বার-০৮/০৭/২০২১	
০৯	কালিয়ানপাড়া হাট		৫০০/-	৫০০/-	৯ম বার-২৮/০৭/২০২১	৯ম বার-২৯/০৭/২০২১	
১০	ইছাদিঘী হাট		৭,৭৪৫/-	৫০০/-	১০ম বার-১৭/০৮/২০২১	১০ম বার-১৮/০৮/২০২১	
১১	দেওদিঘী হাট		৮৪,৯০০/-	১,২০০/-	১১শ বার-০৮/০৯/২০২১	১১শ বার-০৯/০৯/২০২১	
১২	বেড়বাড়ী এয়ারফোর্স বাজার হাট	যাদবপুর	৯৯০/-	৫০০/-	১২শ বার-২৭/০৯/২০২১	১২শ বার-২৮/০৯/২০২১	
১৩	বেড়বাড়ী যাদবপুর হাট		৫০০/-	৫০০/-	১৩শ বার-২০/১০/২০২১	১৩শ বার-২১/১০/২০২১	
১৪	নলুয়া হাট		১০,৭৭,৫৪৮/-	২,৮০০/-	১৪শ বার-১৫/১১/২০২১	১৪শ বার-১৬/১১/২০২১	
১৫	নাকশালা হাট		৯৩,৩৮৬/-	৫০০/-	১৫শ বার-০৬/১২/২০২১	১৫শ বার-০৭/১২/২০২১	
১৬	বোয়ালী হাট		৩৩,৬৭৯/-	৫০০/-	১৬শ বার-২৭/১২/২০২১	১৬শ বার-২৮/১২/২০২১	
১৭	কামালিয়াচালা হাট		হাতীবান্ধা	৪৯,৭০৪/-	৫০০/-		
১৮	হতেয়া কেরানীপাড়া হাট			৬,২১৩/-	৫০০/-		
১৯	তপ্তারচালা হাট			১২,৯৮,৫০০/-	৩,২০০/-		
২০	রতনপুর হাট			৭,১২৬/-	৫০০/-		
২১	হতেয়া হাট			১১,২৪৭/-	৫০০/-		
২২	হতেয়া মাওলানাপাড়া হাট	১৬,২৭২/-		৫০০/-			
২৩	রাজাবাড়ী হাট	২,২৪৫/-		৫০০/-			
২৪	চাকদহ হাট	৬৮,০১৭/-		৫০০/-			
২৫	বড়চওনা হাট	কালিয়া		২০,৩৯,৩৫২/-	৪,৮০০/-		
২৬	কালিয়া ঘোনারচালা হাট			৪৩,২৮৩/-	৫০০/-		
২৭	কচুয়া হাট		৯,২৩,৯৬৭/-	২,৬০০/-			
২৮	দেবরাজ হাট		৬,৭৭৯/-	৫০০/-			
২৯	বানিয়ারছিট হাট		১৯,৭০৬/-	৫০০/-			
৩০	কুতুবপুর হাট		১,০২,৭৩২/-	১,০০০/-			
৩১	আড়াইপাড়া হাট		৪৪,১৬৭/-	৫০০/-			
৩২	দাড়িপাকা হাট		৩,৩৫৭/-	৫০০/-			
৩৩	চারিবাঁইদা হাট		১,১৯৬/-	৫০০/-			
৩৪	নিশ্চিন্তপুর আমতলা হাট		৫০০/-	৫০০/-			
৩৫	ইছামারী আবেদনগর হাট	দাড়িয়াপুর	৩,৯৪২/-	৫০০/-			
৩৬	ছিলিমপুর হাট		১,৯৭,৫৮৪/-	১,০০০/-			
৩৭	কালিদাস হাট		বহরিয়া	১,৩৭,৬৬২/-	১,০০০/-		
৩৮	চতলবাইদ কবরিসাপান হাট			৫০০/-	৫০০/-		

শর্তাবলী

- ১। বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ১৪২৮ বাংলা সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।
- ২। দরদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে “উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর”-এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারার মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হবে।
- ৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ সোনালী ব্যাংক লি., সখিপুর শাখার চলতি হিসাব নং ৩৩০২৫৮৬৩ এ জমা দিয়া জমার রশিদ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এ জমা দিতে হবে। মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর (কোড নং- ১/১১৪১/০১২০/০১১১) এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর, কোড নং- ১/১১৩৩/০০৩৫/০৩১১) চালানোর মাধ্যমে জমা দিয়া চালানোর কপি অবশ্যই একই সংগে পরিশোধ করিতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি সম্ভাব্য ইজারা মূল্য হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি সম্ভাব্য ইজারা মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্ক্ষিত ইজারা মূল্য না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
- ৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্রের সিডিউল আরেক বাজারের জন্য সিডিউল হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। এক দফায় কোন হাট-বাজারের ইজারা কার্যক্রম শেষ হলে পরবর্তী দফার জন্য সেই হাট-বাজারের সিডিউল বিক্রি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ থাকবে।
- ৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।
- ৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(চিত্রা শিকারী)

উপজেলা নির্বাহী অফিসার

সখিপুর, টাঙ্গাইল।

-০৯২৩২-৫৬০০১

email-unoshakhipur@mopa.gov.bd



অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
- ৫। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল), টাঙ্গাইল।
- ৯। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।
- ১০। উপজেলা ..... অফিসার (সকল), সখিপুর, টাঙ্গাইল।
- ১১। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ (সকল), সখিপুর, টাঙ্গাইল। বিজ্ঞপ্তি স্থানীয় হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।
- ১২। সম্পাদক/ব্যবস্থাপক, দৈনিক ..... টাঙ্গাইল। তাঁকে বিজ্ঞপ্তি তার বহল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী .....খ্রি: তারিখের মধ্যে ভিতরের পাতায় ..... কলামে একদিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হলো।
- ১৩। ইউনিয়ন ভূমি সহকারী/উপ সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন (সকল), সখিপুর, টাঙ্গাইল। তাকে বিজ্ঞপ্তি স্থানীয় হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের পর জারীর কপি নিয়ন্ত্রককারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ১৪। জনাব ..... ইজারাদার..... হাট, সখিপুর, টাঙ্গাইল।
- ১৫। নোটিশ বোর্ড..... অফিস, সখিপুর, টাঙ্গাইল।

উপজেলা নির্বাহী অফিসার  
সখিপুর, টাঙ্গাইল।

১৮/০২/২০২১